“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
তহবিল ও বীমা শাখা

পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ২০২২-২৩ অর্থ বছরে অনুষ্ঠিতব্য ১ম সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ফারহানা শাওন<br>মহাব্যবস্থাপক (অনুসন্ধান) |
| সভার তারিখ | ১৫/০৯/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম (Zoom Apps) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্ক্রীনশর্ট) |

মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণিত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ এর ধারা ১.৩ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে পেট্রোবাংলার আওতাধীন ১৩ (তের) টি কোম্পানি যথা বাপেক্স, এসজিএফএল, বিজিএফসিএল, আরপিজিসিএল, টিজিটিডিসিএল, বিজিডিসিএল, জেজিটিডিএসএল, কেজিডিসিএল, পিজিসিএল, এসজিসিএল, বিসিএমসিএল, এমজিএমসিএল এবং জিটিসিএল এর সেবা প্রদান পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সঙ্গে একটি ভার্চুয়াল মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভায় পেট্রোবাংলার সেবা প্রদান পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক এবং সভার সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভাকে জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.৩ ধারাটি একটি নতুন সংযোজন যা গত বছর ছিলো না। তিনি মত প্রকাশ করেন যে, এই ধারাটি অত্যন্ত প্রয়োজনীয় একটি ধারা এবং আওতাধীন দপ্তরসমূহের সঙ্গে উর্ধ্বতণ অফিসের সেবা প্রদান সংক্রান্ত কর্মকান্ডের সমন্বয়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি গত বছর যেসব কোম্পানি সঠিকভাবে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন এবং যথাযথভাবে প্রমাণকসমূহ উপস্থাপন করতে সমর্থ হয় নাই সেসব কোম্পানিকে বছরের শুরু হতেই নির্দেশিকা অনুযায়ী কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য অনুরোধ জনান।

৩। এর পর তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ এর প্রতিটি ধারার উপর বিশদভাবে আলোচনা করেন। এ পর্যায়ে তিনি কোম্পানীসমূহের প্রতিনিধিদের পক্ষ থেকে

করা বিভিন্ন প্রশ্নের উত্তর ও প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে তিনি জানান যে নতুন নির্দেশিকা অনুযায়ী প্রত্যেকটি কোম্পানিকে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে, সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে, আওতাধিন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভার আয়োজন করতে হবে, সেবা প্রদান বিষয়ে বছরে দুটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে এবং অংশীজনের অংশগ্রহণে ২টি সভার আয়োজন করতে হবে। তিনি আরও উল্লেখ করেন যে, শুধু কর্মকান্ডগুলো বাস্তবায়ন করলেই চলবে না, পাশাপাশি নির্দেশনা মোতাবেক প্রমাণকসমূহ উর্ধ্বতণ অফিস বরাবর প্রেরণ করতে হবে।

৪। তিনি আশা প্রকাশ করেন যে, ২০২২-২৩ অর্থ বছরে পেট্রোবাংলার আওতাধীন প্রতিটি কোম্পানি সচেতনভাবে ও গুরুত্বসহকারে নির্দেশিকার যাবতীয় শর্তাবলী প্রতিপালন করবে। ত্রৈমাসিক ভিত্তিতে এ ধরণের সভা করার ফলে কোনো কোম্পানীর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে কোনো ঘাটতি থাকলে তা দ্রুত সংশোধন করা সম্ভব হবে এবং এর মাধ্যমে সবাই উপকৃত হবে।

৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**পেট্রোবাংলার আওতাধীন সকল কোম্পানি নির্দেশিকা অনুযায়ী প্রথম ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতঃ বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণকসহ অক্টোবর, ২০২২ মাসের প্রথম সপ্তাহের মধ্যে পেট্রোবাংলা বরাবর প্রেরণ করবে।**

৬। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

F. Shaw

ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৬.৫৮.০০১.২২.৮০

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯
২০ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
২) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৩) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
৪) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
৫) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৬) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
৭) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৮) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

৯) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

১০) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

১১) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

১২) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

১৩) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

১৪) উপ-মহাব্যবস্থাপক, বাস্তবায়ন-পরীবিক্ষণ ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

১৫) ব্যবস্থাপক, ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

১৬) ব্যবস্থাপক, এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

১৭) সহকারী ব্যবস্থাপক, তহবিল ও বীমা শাখা, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

F. Shaw

ফারহানা শাওন

মহাব্যবস্থাপক (অনুসন্ধান)